# আল কুরআনের
## ৫০ ভাগ শব্দের
# সংক্ষিপ্ত অভিধান

সম্পাদনায়
কাজী সাগীর আহমদ

# আল কুরআনের
## ৫০ ভাগ শব্দের
# সংক্ষিপ্ত অভিধান

সম্পাদনায়
কাজী সাগীর আহমদ

এসো কুরআন শিখি ফাউন্ডেশন EQSF

*প্রকাশক*
**নাজমা পারভীন**
যুগ্ম কর কমিশনার, ঢাকা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

*প্রথম প্রকাশ*
**মে ২০১৩ ঈসায়ী**
*দ্বিতীয় প্রকাশ*
**মার্চ ২০১৫ ঈসায়ী**
*তৃতীয় সংস্করণ*
**জুন ২০১৫ ঈসায়ী**

*প্রচ্ছদ*
**আরিফুর রহমান**

*মুদ্রণ*
**আনিকা প্রিন্টিং এন্ড প্যাকেজিং**
মোবাইল : ০১৭১২ ৯৬২৭৮৭

*হাদিয়া*
**দশ টাকা মাত্র**

*পরিবেশক*
**এসো কুরআন শিখি ফাউন্ডেশন EQSF**
আজাদ সেন্টার, ৫৫ পুরানা পল্টন (লেভেল ১০), ঢাকা, ১০০০
ফোন : ৯৫৮৫২৭৮, মোবাইল : ০১৫৫ ৬৩৬২৬১৮

ইসলামী জীবন ব্যবস্থার মূল উৎস আল কুরআনুল কারীম। কুরআন হলো মহান প্রতিপালক আল্লাহ সুবহানাহু ওয়াতা'আলার পক্ষ থেকে কিয়ামাত অবধি মানুষের জন্যে নির্ভুল হেদায়েত গ্রন্থ (*সূত্র- সূরা আল বাকারা/২:১৮৫, সূরা আয যুমার/৩৯:৪১, সূরা আলে ইমরান/৩:১৩৮, সূরা ইবরাহিম/১৪:৩১*)। মানুষের জীবন যাপনের পাথেয় হিসেবে আল কুরআনের কোন বিকল্প নেই। তাই প্রত্যেক ঈমানদার নারী-পুরুষের জন্য কুরআন বুঝা ও মেনে চলা অপরিহার্য বা ফরজ। এই ব্যাপারে আল্লাহর বক্তব্য- "এটি (আল কুরআন) এমন এক গ্রন্থ যা আমি তোমাদের উপর পরিপূর্ণ সৌভাগ্যরূপে নাযিল করেছি। যাতে তোমরা এর আয়াতসমূহের উপর চিন্তা ভাবনা করতে পারো এবং বুদ্ধিমান লোকেরা অনুধাবন করতে পারো, (*সূরা ছোয়াদ/৩৮:২৯*)।" এই কিতাব যদি আমরা বুঝতেই না পারি, তাহলে কিভাবে এর আয়াতসমূহ নিয়ে চিন্তা ভাবনা করবো, অনুধাবন করবো?

সূরা আল কামার এর বক্তব্য অনুযায়ী কুরআন বুঝা খুবই সহজ, কিন্তু শুরুটা হতে হবে পরিকল্পিতভাবে। সহজ শুরুর অন্যতম পথ হতে পারে আমাদের এই ছোট বইটি। আল কুরআনে প্রায় ৭৭ হাজার ৮ শত শব্দ রয়েছে। এর মধ্যে ১২৫ টি শব্দ এসেছে ৪০ হাজার বার, যা কুরআনের মোট শব্দের ৫০ ভাগেরও বেশি। আমরা যদি এই ১২৫ টি শব্দ আয়ত্ত করতে পারি তাহলে নিজে থেকেই কুরআনের প্রায় অর্ধেকেরও বেশি শব্দের অর্থ বুঝাতে পারবো। আর এই বইয়ের শব্দসমূহ আয়ত্ত করা মোটেও কঠিন কাজ নয়। নারী-পুরুষ নির্বিশেষে সকল শ্রেণী, পেশা ও বয়সের মানুষ এ থেকে উপকৃত হতে পারেন। আলাদা কোন সময়ও নির্ধারণ করার প্রয়োজন নেই। বইটি সবসময় পকেটে বা ব্যাগে রাখুন, মাঝে মাঝে খুলে দেখুন। পকেটে রাখা কঠিন নয়; খুলে দেখাই কঠিন। আমরা প্রতি ওয়াক্ত সালাতের পর একটি করে শব্দ মুখস্থ করলে প্রতিদিন পাঁচটি করে কুরআনের শব্দ মুখস্থ হবে, প্রতিটি হরফ বা বর্ণ পড়ার ১০ টি করে নেকি আমাদের আমল বিবরণীতে অবশ্যই লিখা

হবে। ১২৫ টি শব্দ আয়ত্ত করতে সর্বমোট সময় লাগবে ২৫ দিন, সেই সাথে তেলাওয়াতের সওয়াবতো আছেই। তাছাড়া যানবাহন, অফিস বা বাসায় অবসর সময় আমরা বইটি এক নজর দেখে নিতে পারি।

বইটিতে টেবিল আকারে ১২৫ টি শব্দ উপস্থাপন করা হয়েছে। প্রতিটি পৃষ্ঠার প্রথম কলামে শব্দটি কুরআনে মোট কতবার এসেছে তা উল্লেখ করা হয়েছে। দ্বিতীয় কলামে সংশ্লিষ্ট শব্দ ও ইংরেজি প্রতিশব্দসহ অর্থ দেয়া হয়েছে। এরপরের কলামে রয়েছে কুরআন থেকে একটি করে সহজ উদাহরণমূলক আয়াত। এই পদ্ধতি কুরআনের শব্দটি একজন পাঠককে বুঝতে সহযোগিতা করবে। টার্গেটিকৃত আরবি শব্দ, অর্থ এবং আয়াতে থাকা উক্ত শব্দ ও বাংলা অর্থ এই চারটি স্থানে আমরা একই কালার করেছি। যাতে শিখতে ইচ্ছুক ব্যক্তি শব্দ ও অর্থ সহজেই সনাক্ত করতে পারেন এবং মনে রাখা সহজ হয়।

**ব্যবহৃত সংক্ষিপ্ত সংকেত**

| | |
|---|---|
| পুরুষ জাতীয় - পু<br>মহিলা জাতীয় - ম<br>এক বচন - এ<br>দ্বিবচন - দ<br>বহুবচন- ব | উদাহরণমূলক আয়াতের শেষে বাংলায় সূরার নাম লিখা হয়েছে, বিকল্প চিহ্ন "/" দিয়ে আল কুরআনের সূচীপত্রে এটি কত নম্বর সূরা এবং কোলন " : " দিয়ে আয়াত নম্বর দেয়া হয়েছে। |

বর্তমান সংস্করণে ৫০ ভাগ শব্দের সংক্ষিপ্ত অভিধান আরো সমৃদ্ধ করে সন্নিবেশ করা হয়েছে। এই শব্দগুলোর সংখ্যাগত হিসাবের সহযোগিতা নেয়া হয়েছে ভারতের কুরআন প্রশিক্ষক অগ্রজপ্রতীম ড. ইঞ্জিনিয়ার আবদুল আজিজ আবদুর রহীম থেকে। বুয়েটের শেষ বর্ষের শিক্ষার্থী স্নেহভাজনেষু তরুণ কুরআন প্রশিক্ষক মোঃ রফিকুল ইসলাম সমাজের সাধারণ শিক্ষায় শিক্ষিত কুরআন অনুরক্ত মানুষের কথা বিবেচনা করে আরবি শব্দের বাংলা অর্থের ইংরেজি প্রতিশব্দ লেখার পরামর্শ দিয়েছেন। বর্তমান বইয়ে পরামর্শটি গৃহীত হলো। আল্লাহ আমাদের ভুল-ত্রুটি ক্ষমা করে ক্ষুদ্র প্রচেষ্টাটুকুন কবুল করুন। আমীন। ছুম্মা আমীন।

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ১৭৩২ | لَا<br>নেই<br>no | اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ○<br>আল্লাহ, তিনি ছাড়া কোন ইলাহ নেই।<br>সূরা আল বাকারা/ ০২:২৫৫ |
| ৩৪৭ | لَمْ<br>না (অতীত)<br>no (past) | وَلَمْ يُوْلَدْ ○<br>আর তিনি কারো কাছ থেকে জন্মগ্রহণ করেননি।<br>সূরা আল ইখলাস/ ১১২:০৩ |
| ২১০০ | مَا<br>না<br>no | مَا اَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ ○<br>তার সম্পদ ও উপার্জন কোন কাজে আসলো না।<br>সূরা লাহাব/ ১১১:০২ |
| ১৪৭ | غَيْرِ<br>নয়/ব্যতীত<br>none | غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ ○<br>তাদের পথ নয় যাদের প্রতি আপনার গযব এসেছে।<br>সূরা আল ফাতিহা/ ০১:০৭ |
| ৬৬৬ | اِلَّا<br>ছাড়া<br>except | اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا ○<br>তারা ছাড়া যারা ঈমান এনেছে।<br>সূরা আল আসর/ ১০৩:০৩ |

প্রথম কলামে সংখ্যা অর্থ কুরআনে শব্দটি কতবার এসেছে

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ২২৫ | هٰذَا<br>এই, এইটি (পু)<br>this | هٰذَا مِنْ فَضْلِ رَبِّىْ ○<br>এটি আমার রবের অনুগ্রহ।<br>সূরা আন নামল/ ২৭:৪০ |
| ৪৬ | هٰٓؤُلَآءِ<br>তারা, এইসব (ব-পু/ম)<br>these (all) | اِنَّ هٰٓؤُلَآءِ لَضَآلُّوْنَ ○<br>নিশ্চয় তারা পথভ্রষ্ট।<br>সূরা আল মোতাফফেফিন/ ৮৩:৩২ |
| ৪২৭ | ذٰلِكَ<br>ঐ, উহা (পু)<br>that | ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ ۛ فِيْهِ ○<br>উহা কিতাব, তাতে কোন সন্দেহ নেই।<br>সূরা আল বাকারা/ ০২:০২ |
| ২০৪ | اُولٰٓئِكَ<br>যারা, ওরা<br>(ব/পু/ম)<br>those (all) | اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا الضَّلٰلَةَ بِالْهُدٰى ○<br>ওরাই হিদায়াতের পরিবর্তে ভ্রান্তপথ কিনে নিয়েছে।<br>সূরা আল বাকারা/ ০২:১৭৫ |
| ৩০৪ | اَلَّذِىْ<br>যিনি, যে (পু)<br>who | اَلَّذِيْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِ النَّاسِ ○<br>যে মানুষের মনে কুমন্ত্রণা দেয়।<br>সূরা আন নাস/ ১১৪:০৫ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ১০৮০ | اَلَّذِيْنَ<br>যারা (পু)<br>whose | اَلَّذِيْنَ هُمْ فِيْ صَلَاتِهِمْ خٰشِعُوْنَ ○<br>যারা নিজেদের নামাযে বিনয়াবনত হয়।<br>সূরা আল মুমেনুন/ ২৩:০২ |
| ৪৮১ | هُوَ<br>সে (পু)<br>he | قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ○<br>বলুন,তিনি আল্লাহ একজনই।<br>সূরা আল ইখলাস/ ১১২:০১ |
| ৪৪৪ | هُمْ<br>তারা (পু)<br>they | اَلَمْ يَجْعَلْ كَيْدَ هُمْ فِيْ تَضْلِيْلٍ ○<br>তিনি কিতাদের যাবতীয় ষড়যন্ত্র নিস্ফল করে দেননি?<br>সূরা আল ফীল/ ১০৫:০২ |
| ৮১ | اَنْتَ<br>তুমি (পু)<br>you | اِنَّكَ اَنْتَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ○<br>নিশ্চয়আপনি সবকিছু জানেন ও বুঝেন।<br>সূরা আল বাকারা/ ০২:৩২ |
| ১৩৫ | اَنْتُمْ<br>তোমরা (পু)<br>you (all) | وَلَا اَنْتُمْ عَابِدُوْنَ مَا اَعْبُدُ ○<br>আরতোমরা ইবাদতকারী নও, আমি যার ইবাদত করি।<br>সূরা আল কাফিরূন/ ১০৯:০৫ |
| ৬৮ | اَنَا<br>আমি (পু/ম)<br>I | وَمَا اَنَا مِنَ الْمُتَكَلِّفِيْنَ ○<br>আরআমি লৌকিকতাকারীদের অন্তর্ভূক্ত নই।<br>সূরা ছোয়াদ/ ৩৮:৮৬ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ৮৬ | نَحْنُ<br>আমরা (পু/ম)<br>we | نَحْنُ نَرْزُقُهُمْ وَاِيَّاكُمْ ○<br>আমরা (আমি) তাদের রিযিক দেই এবং তোমাদেরও রিযিক দান করি।<br>সূরা বনী ইসরাঈল/ ১৭:৩১ |
| ৮৮৩ | مَا<br>যা<br>which | وَحُصِّلَ مَا فِي الصُّدُوْرِ ○<br>অন্তরে যা(ছিলো) তা প্রকাশ করে দেয়া হবে।<br>সূরা আল আদিয়াত/ ১০০:১০ |
| | مَا<br>কী<br>what | وَمَآ اَدْرٰىكَ مَا لَيْلَةُ الْقَدْرِ ○<br>তুমি কী জান কদরের রাত্রি কী?<br>সূরা আল কদর/ ৯৭:০২ |
| ৮২৩ | مَنْ<br>কে/যে<br>who | مَنْ ذَا الَّذِىْ يَشْفَعُ عِنْدَهٗۤ اِلَّا بِاِذْنِهٖ ○<br>এমন কে আছে, তাঁর অনুমতি ব্যতীত তাঁর নিকট সুপারিশ করবে?<br>সূরা আল বাকারা/ ০২:২৫৫ |
| ৮৩ | كَيْفَ<br>কেমন<br>how | اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِاَصْحٰبِ الْفِيْلِ ○<br>তুমি কী দেখনি তোমার রব হাতি ওয়ালাদের সাথে কেমনব্যবহার করেছেন?<br>সূরা আল ফীল/ ১০৫:০১ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
| --- | --- | --- |
| ১২ | كَمْ<br>কতো<br>how much | قَالَ كَمْ لَبِثْتَ ○<br>তিনি বললেন, কতো কাল তুমি অবস্থান করেছো?<br>সূরা আল বাকারা/ ০২:২৫৯ |
| ২৩৯ | إِذْ<br>যখন (অতীত)<br>when (past) | إِذْ قَالَ رَبُّكَ ○<br>যখন তোমার রব বললেন।<br>সূরা আল বাকারা/ ০২:৩০ |
| ৪৫৪ | إِذَا<br>যখন (ভবিষ্যৎ)<br>when (future) | إِذَا جَاءَ نَصْرُ اللّٰهِ وَالْفَتْحُ ○<br>যখন আল্লাহর সাহায্য ও বিজয় আসবে।<br>সূরা আন নাসর/ ১১০:০১ |
| ১৯৬ | بَعْدَ<br>পরে<br>after | وَمِنْ بَعْدِ صَلٰوةِ الْعِشَاءِ ○<br>এবং এশার সালাতের পর ।<br>সূরা আন নূর/ ২৪:৫৮ |
| ৩৩৮ | ثُمَّ<br>অতঃপর<br>therefore | ثُمَّ لَتَرَوُنَّهَا عَيْنَ الْيَقِيْنِ ○<br>অতঃপর তোমরা অবশ্যই তোমাদের নিজ চোখে তা দেখতে পাবে।<br>সূরা আত তাকাসুর/ ১০২:০৭ |
| ১৯৭ | عِنْدَ<br>নিকট, কাছে<br>near | عِنْدَ رَبِّهِمْ يُرْزَقُوْنَ ○<br>তাদের রবেরনিকট থেকে রিযিক দেয়া হয়।<br>সূরা আলে ইমরান/ ০৩:১৬৯ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ১৩৬৭ | لَ-لِ<br>জন্য, কারণ, অবশ্যই<br>for/reason | وَيْلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةٍ ○<br>দুর্ভোগ তাদের জন্যে যারা (অন্যের) নিন্দা করে।<br>সূরা আল হুমাযাহ/ ১০৪:০১ |
| ৩০২৬ | مِنْ<br>হতে, থেকে<br>ftom | مِنْ شَرِّ مَا خَلَقَ ○<br>তাঁর সৃষ্টির অনিষ্ট থেকে।<br>সূরা আল ফালাক/ ১১৩:০২ |
| ৪০৪ | عَنْ<br>হতে,প্রতি<br>from/about | رَضِيَ اللّٰهُ عَنْهُمْ ○<br>আল্লাহ তাদের প্রতিসন্তুষ্ট।<br>সূরা আল বাইয়্যিনাহ/ ৯৮:০৮ |
| ১৬৩ | مَعَ<br>সাথে<br>with | اِنَّ اللّٰهَ مَعَ الصّٰبِرِيْنَ ○<br>নিশ্চয় আল্লাহ ধৈর্যশীলদের সাথেআছেন।<br>সূরা আল বাকারা/ ০২:১৫৩ |
| ৫১০ | بِ<br>সাথে<br>in/with | بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ○<br>রহমান রহীম আল্লাহর নামের সাথে (শুরু করছি)।<br>সূরা আন নামল/ ২৭:৩০ |
| ১৬৫৮ | فِيْ<br>ভিতরে, মধ্যে<br>in | يَدْخُلُوْنَ فِيْ دِيْنِ اللّٰهِ اَفْوَاجًا ○<br>তারা দলে দলে আল্লাহর দ্বীনের মধ্যে প্রবেশ করছে।<br>সূরা আন নাসর/ ১১০:০২ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
| --- | --- | --- |
| ১৪২৩ | عَلٰى<br>উপরে<br>on/upon | وَالسَّلٰمُ عَلٰى مَنِ اتَّبَعَ الْهُدٰى ○<br>আর সালাম তাদেরউপর যারা অনুসরণ করে হেদায়াত।<br>সূরা ত্বোহা/ ২০:৪৭ |
| ৭৩৬ | اِلٰى<br>দিকে<br>to/towards | اِنَّا لِلّٰهِ وَاِنَّآ اِلَيْهِ رٰجِعُوْنَ ○<br>নিশ্চয় আমরা আল্লাহর জন্য এবং নিশ্চয় তাঁরদিকেই ফিরে যাবো।<br>সূরা আল বাকারা/ ০২:১৫৬ |
| ১৪২ | حَتّٰى<br>যতক্ষণ না, পর্যন্ত<br>until | سَلٰمٌ ۛ هِيَ حَتّٰى مَطْلَعِ الْفَجْرِ ○<br>ফজর (ভোর বেলা) পর্যন্ত প্রশান্তিময়।<br>সূরা আল ক্বদর/ ৯৭:০৫ |
| ৬২৮ | اِنْ<br>যদি<br>if | اِنْ شَآءَ اللّٰهُ ○<br>আল্লাহ সুবহানাহু ওয়াতায়ালা যদি চান।<br>সূরা আল বাকারা/ ০২:৭০<br>সূরা আল কাহাফ/ ১৮:৬৯ |
| ১২৯৭ | اِنَّ<br>নিশ্চয়<br>certainly | اِنَّآ اَعْطَيْنٰكَ الْكَوْثَرَ ○<br>নিশ্চয় আমি আপনাকে কাওসার দান করেছি।<br>সূরা আল কাওসার/ ১০৭:০১ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ৫৭৬ | اَنْ<br>যে<br>that | ثُمَّ يَطْمَعُ اَنْ اَزِيْدَ ۝<br>যে লোভ করে তাকে আমি<br>আরো দিতে থাকবো?<br>সূরা আল মুদ্দাসসের/ ৭৪:১৫ |
| ২৬৩ | اَنَّ<br>নিশ্চয় যে<br>surely | يَحْسَبُ اَنَّ مَالَهٗٓ اَخْلَدَهٗ ۝<br>সে মনে করে যে, তার সম্পদ তাকে<br>(এ দুনিয়ায়) চিরস্থায়ী করবে।<br>সূরা আল হুমাযাহ/ ১০৪:০৩ |
| ১৪৬ | اِنَّمَا<br>শুধুমাত্র, এই যা<br>only | اِنَّمَا الْحَيٰوةُ الدُّنْيَا لَعِبٌ وَّلَهْوٌ ۝<br>দুনিয়ার জীবনতো শুধুমাত্র<br>ক্রীড়া ও কৌতুক।<br>সূরা মুহাম্মাদ/ ৪৭:৩৬ |
| ২০০ | لَوْ<br>যদি<br>if | لَوْ اَنْزَلْنَا هٰذَا الْقُرْاٰنَ عَلٰى جَبَلٍ ۝<br>আমি যদি এ কুরআন<br>কোন পাহাড়ের উপর নাযিল করতাম।<br>সূরা আল হাশর/ ৫৯:২১ |
| ১৫০ | يَا/يَاۤاَيُّهَا<br>হে<br>oh | قُلْ يَاۤاَيُّهَا الْكٰفِرُوْنَ ۝<br>বলুন, হে কাফিররা।<br>সূরা আল কাফিরূন/ ১০৯:০১ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ৪০৯ | قَدْ<br>নিশ্চিত অর্থে<br>indeed | قَدْ اَفْلَحَ الْمُؤْمِنُوْنَ ○<br>নিশ্চয় মুমিনগণ সফল হয়েছে।<br>সূরা আল মুমিনুন/ ২৩:০১ |
| ৮২ | اُوْلٰى-اَوَّلْ<br>প্রথম<br>first | هُوَ الْاَوَّلُ ○<br>তিনিই প্রথম।<br>সূরা আল হাদীদ/ ৫৭:০৩ |
| ৪০ | اٰخِرٌ-اٰخِرَةٌ<br>শেষ<br>last | وَالْاٰخِرُ ○<br>এবং তিনিই শেষ।<br>সূরা আল হাদীদ/ ৫৭:০৩ |
| ৫৭ | رَحْمٰنٌ<br>দয়ালু<br>most beneficient | قُلْ هُوَ الرَّحْمٰنُ اٰمَنَّا بِهٖ ○<br>বলুন, তিনি অসীম দয়ালু,<br>আমরা তাঁর উপর ঈমান আনলাম।<br>সূরা আল মুলক/ ৬৭:২৯ |
| ৯৭০ | رَبٌّ<br>রব<br>lord | رَبِّ زِدْنِيْ عِلْمًا ○<br>হে আমার রব আমার জ্ঞান বৃদ্ধি করে দিন।<br>সূরা ত্বাহা/ ২০:১১৪ |
| ৯১ | غَفُوْرٌ<br>ক্ষমাশীল<br>forgiving | اِنَّهٗ لَغَفُوْرٌ رَّحِيْمٌ ○<br>নিশ্চয় তিনি দয়ালু ও ক্ষমাশীল।<br>সূরা আল আনআম/ ০৬:১৬৫ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ১৬২ | عَلِيمٌ<br>জ্ঞানী<br>knew | عٰلِمُ الْغَيْبِ وَ الشَّهَادَةِ ○<br>প্রকাশ্য–অপ্রকাশ্য সবকিছুতে তিনি জ্ঞানী।<br>সূরা আল হাশর/ ৫৯:২২ |
| ৯৭ | حَكِيمٌ<br>বিচক্ষণ, প্রজ্ঞা<br>wise | اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا حَكِيْمًا ○<br>নিশ্চয় আল্লাহ সর্ব জ্ঞানী, বিচক্ষণ।<br>সূরা আদ্ দাহর/ ৭৬:৩০ |
| ৭৪ | كَثِيرٌ–كَثِيرَةٌ<br>অনেক<br>a lot of | يَهْدِىْ بِهٖ كَثِيْرًا ○<br>এভাবে অনেককেহেদায়াতের পথ দেখান।<br>সূরা আল বাকারা/ ০২:২৬ |
| ১৮২ | رَحِيمٌ<br>দয়ালু<br>merciful | اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ○<br>নিশ্চয় আল্লাহ পরম দয়াময় ক্ষমাশীল।<br>সূরা আল বাকারা/ ০২:১৭৩ |
| ৭০ | قُرْاٰنٌ<br>কুরআন<br>Quran | شَهْرُ رَمَضَانَ الَّذِىْٓ اُنْزِلَ فِيْهِ الْقُرْاٰنُ ○<br>রমযান মাসে আমি এই কুরআননাযিল করেছি।<br>সূরা আল বাকারা/ ০২:১৮৫ |
| ৪৬১ | اَرْضٌ<br>পৃথিবী<br>earth | خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ ○<br>মহাকাশ এবং পৃথিবীর তিনিই স্রষ্টা।<br>সূরা আল হাদীদ/ ৫৭:০৪ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ৩১০ | سَمَاءٌ<br>আকাশ<br>sky | وَّ السَّمَاءَ بِنَاءً ۝<br>আর আকাশকে বানালেন ছাদ।<br>সূরা আল বাকারা/ ০২:২৫৫ |
| ৩৩২ | رَسُوْلٌ/رُسُلٌ<br>রাসূল<br>massenger | مُحَمَّدٌ رَّسُوْلُ اللهِ ۝<br>মুহাম্মাদ আল্লাহর রাসূল।<br>সূরা আল ফাতহ/ ৪৮:২৯ |
| ৭৫ | نَبِيٌّ-اَنْبِيَاءٌ<br>নবী<br>prophet | يَاَيُّهَا النَّبِيُّ اِنَّا اَرْسَلْنٰكَ شَاهِدًا ۝<br>হে নবী! নিশ্চয় আপনাকে পাঠিয়েছি সাক্ষীরূপে।<br>সূরা আল আহযাব/ ৩৩:৪৫ |
| ৮৮ | شَيْطَان/شَيَاطِيْن<br>শয়তান<br>satan | اِنَّ الشَّيْطٰنَ لِلْاِنْسَانِ عَدُوٌّ مُّبِيْنٌ ۝<br>শয়তানঅবশ্যই মানুষের প্রকাশ্য দুশমন।<br>সূরা ইউসুফ/ ১২:০৫ |
| ৭৪ | فِرْعَوْنُ<br>ফিরাউন<br>pharaoh | وَ اَضَلَّ فِرْعَوْنُ قَوْمَهٗ ۝<br>ফিরাউনতার জাতিকে পথভ্রষ্ট করে দিয়েছে।<br>সূরা ত্বহা/ ২০:৭৯ |
| ১১৫ | اٰخِرَةٌ<br>আখিরাত<br>afterlife | وَّ فِي الْاٰخِرَةِ حَسَنَةً<br>এবং আখিরাতে কল্যাণ দিন।<br>সূরা আল বাকারা/ ০২:২০১ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ১৪৭ | جَنَّةٌ - جَنَّاتٌ<br>জান্নাত<br>heaven | وَعَدَ اللّٰهُ الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ جَنّٰتٍ ○<br>আল্লাহর ওয়াদা,<br>মুমিন পুরুষ ও নারীদের জান্নাত দিবেন।<br>সূরা আত্ তওবা/ ০৯:৭২ |
| ৭৭ | جَهَنَّمُ<br>জাহান্নাম<br>hell | فَحَسْبُهٗ جَهَنَّمُ ○<br>তাদের জন্যে জাহান্নামই যথেষ্ট।<br>সূরা আল বাকারা/ ০২:২০৬ |
| ৩২২ | عَذَابٌ<br>শাস্তি<br>punishment | وَقِنَا عَذَابَ النَّارِ ○<br>আমাদেরকে দোযখের শাস্তি থেকে রক্ষা করুন।<br>সূরা আল বাকারা/ ০২:২০১ |
| ১৪৫ | نَارٌ<br>আগুন<br>fire | عَلَيْهِمْ نَارٌ مُّؤْصَدَةٌ ○<br>তাদের উপর আগুনের শিখা ছেয়ে থাকবে।<br>সূরা আল বালাদ/ ৯০:২০ |
| ৩৯৩ | يَوْمٌ - اَيَّامٌ<br>দিন<br>day | مٰلِكِ يَوْمِ الدِّيْنِ ○<br>যিনি প্রতিফল দিবসের মালিক।<br>সূরা আল ফাতিহা/ ০১:০৩ |
| ২৭০২ | اَللّٰهُ<br>আল্লাহ<br>Allah | اَللّٰهُ الصَّمَدُ ○<br>আল্লাহ অমুখাপেক্ষী (অন্যের সাহায্য বা অনুগ্রহ প্রত্যাশী নন)।<br>সূরা আল ইখলাস/ ১১২:০২ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ৮৫ | أَحَدٌ<br>এক<br>one | قُلْ هُوَ اللّٰهُ أَحَدٌ ○<br>বলুন, তিনি আল্লাহ একজনই ।<br>সূরা আল ইখলাস/ ১১২:০১ |
| ৩৪ | إِلٰهٌ<br>ইলাহ<br>all mighty | إِلٰهِ النَّاسِ ○<br>মানুষের ইলাহ ।<br>সূরা আন নাস/ ১১৪:০৩ |
| ২৬১ | كِتَابٌ/ كُتُبٌ<br>বই<br>book | ذٰلِكَ الْكِتَابُ لَارَيْبَ فِيْهِ ○<br>এই কিতাব, যার মধ্যে কোন সন্দেহ নেই ।<br>সূরা আল বাকারা/ ০২:০২ |
| ৮৮ | مَلَكٌ/مَلٰئِكَةٌ<br>ফেরেশতা<br>angel | وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلٰئِكَةِ ○<br>এবং যখন তোমার রব<br>ফেরেশতাদের বললেন ।<br>সূরা আল বাকারা/ ০২:৩০ |
| ২৪৭ | حَقٌّ<br>হক<br>truth | وَتَوَاصَوْا بِالْحَقِّ ○<br>তারা পরস্পরকে হকের উপদেশ দেয় ।<br>সূরা আল আসর/ ১০৩:০৩ |
| ৪৩ | حَمْدٌ<br>প্রশংসা<br>praise | اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ ○<br>সমস্ত প্রশংসা আল্লাহর যিনি<br>মহাবিশ্বের প্রতিপালক ।<br>সূরা আল ফাতিহা/ ০১:০১ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ৯২ | دِيْنٌ<br>বিচার দিবস<br>day of judgment | مٰلِكِ يَوْمِ الدِّيْنِ ○<br>বিচার দিবসের মালিক।<br>সূরা আল ফাতিহা/ ০১:০৩ |
| ৮৩ | صَلَاةٌ<br>সালাত<br>salah | اَقِمِ الصَّلٰوةَ لِذِكْرِىْ ○<br>তোমরা সবর ও নামাযের মাধ্যমে সাহায্য চাও।<br>সূরা আল বাকারা/ ০২:৪৫ |
| ৮৪ | فَضْلٌ<br>অনুগ্রহ<br>favor | هٰذَا مِنْ فَضْلِ رَبِّىْ ○<br>এটা প্রতিপালকের পক্ষ থেকে অনুগ্রহ ।<br>সূরা আন নামল/ ২৭:৪০ |
| ৩১ | حَسَنَةٌ/حَسَنَاتٌ<br>কল্যাণ<br>welfare | رَبَّنَآ اٰتِنَا فِى الدُّنْيَا حَسَنَةً ○<br>হে আমাদের রব, আমাদেরকে দুনিয়াতে কল্যাণ দিন।<br>সূরা আল বাকারা/ ০২:২০১ |
| ১৮৬ | خَيْرٌ<br>উত্তম<br>best | وَاَنْتَ خَيْرُ الرّٰحِمِيْنَ ○<br>এবং আপনি উত্তম দয়ালু।<br>সূরা আল মুমিনুন/ ২৩:১১৮ |
| ২৯৩ | نَفْسٌ/اَنْفُسٌ<br>মানুষ/অন্তর<br>heart | اِنِّىْ ظَلَمْتُ نَفْسِىْ ○<br>নিশ্চয় আমি আমারনিজের প্রতি জুলুম করেছি।<br>সূরা আন নামল/ ২৭:৪৪ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ১২৬ | عَبْدٌ-عِبَادٌ<br>দাস, বান্দা<br>slave | نَزَّلْنَا عَلَى عَبْدِنَا ○<br>আমাদের বান্দার উপর আমরা কিতাব নাযিল করেছি।<br>সূরা আল বাকারা/ ০২:২৩ |
| ৬৫ | إِنْسَانٌ<br>মানুষ<br>people | خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ ○<br>সৃষ্টি করেছেন মানুষের আলাক থেকে।<br>সূরা আল আলাক/ ৯৬:০২ |
| ২৪৮ | نَاسٌ<br>মানুষ<br>people | قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ ○<br>বলুন, আমি আশ্রয় চাই মানুষের মালিকের কাছে।<br>সূরা আন নাস/ ১১৪:০১ |
| ৩৮৩ | قَوْمٌ<br>জাতি<br>nation | كَذَّبَتْ قَوْمُ لُوطٍ بِالنُّذُرِ ○<br>লূতের জাতি সর্তককারীদের মিথ্যাবাদী বলেছিল।<br>সূরা আল কামার/ ৫৪:৩৪ |
| ১১৫ | دُنْيَا<br>দুনিয়া<br>world | رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً ○<br>হে আমাদের রব, আমাদেরকে দুনিয়াতে কল্যাণ দিন।<br>সূরা আল বাকারা/ ০২:২০১ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
| --- | --- | --- |
| ১৭৬ | سَبِيْلٌ/سُبُلٌ<br>পথ<br>way | اُدْعُ اِلٰى سَبِيْلِ رَبِّكَ ○<br>ডাকো তোমার রবের পথে (দিকে)।<br>সূরা আন নাহল/ ১৬:১২৫ |
| ৪৬ | صِرَاطٌ<br>পথ<br>way | اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ ○<br>আমাদেরকে সরল/সঠিক পথটি দেখান।<br>সূরা আল ফাতিহা/০১:০৫ |
| ৭৩ | عَالَمٌ/عَالَمِيْنَ<br>মহাবিশ্ব<br>universe | وَ لٰكِنَّ اللّٰهَ ذُوْ فَضْلٍ عَلَى الْعٰلَمِيْنَ ○<br>আল্লাহ তাঁর জগৎসমূহের উপর অনুগ্রহশীল।<br>সূরা আল বাকারা/ ০২:২৫১ |
| ৮৬ | مَالٌ/اَمْوَالٌ<br>মাল/সম্পদ<br>property | لَاتَاْكُلُوْٓا اَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ ○<br>তোমাদের একে অপরের সম্পদ<br>অন্যায়ভাবে খেয়ো না।<br>সূরা আন নিসা/ ০৪:২৯ |
| ২৫ | اٰدَمُ<br>আদম (আ.)<br>Adam (a) | وَ اِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ ○<br>যখন আমি ফেরেশতাদের বললাম<br>আদমকে সিজদা কর।<br>সূরা বনী ইসরাঈল/ ১৭:৬১ |
| ৪৩ | نُوْحٌ<br>নূহ (আ.)<br>Nuh (a) | وَ اُوْحِيَ اِلٰى نُوْحٍ اَنَّهٗ ○<br>এবং নূহের উপর অহি পাঠানো হলো।<br>সূরা হূদ/ ১১:৩৬ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ০৭ | هُوْدٌ<br>হূদ (আ.)<br>Hud (a) | وَاِلٰى عَادٍ اَخَاهُمْ هُوْدًا ○<br>আর আদ জাতির প্রতি তাদেরই ভাই হূদকে পাঠিয়েছিলাম।<br>সূরা হূদ/ ১১:৫০ |
| ০৯ | صَالِحٌ<br>সালেহ (আ.)<br>Salih (a) | وَاِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا ○<br>আর সামূদের কাছে তাদের ভাই সালেহকে পাঠিয়েছিলাম।<br>সূরা হূদ/ ১১:৬১ |
| ৬৯ | اِبْرَاهِيْمُ<br>ইব্রাহীম (আ.)<br>Ibrahim (a) | وَاتَّخِذُوْا مِنْ مَّقَامِ اِبْرٰهٖمَ مُصَلًّى ○<br>ইবরাহীমের দাঁড়ানোর স্থানটিকে নামাজের জায়গা হিসেবে গ্রহণ করো।<br>সূরা আল বাকারা/ ০২:১২৫ |
| ২৭ | لُوْطٌ<br>লূত (আ.)<br>Lut (a) | كَذَّبَتْ قَوْمُ لُوْطِ ِۨالْمُرْسَلِيْنَ ○<br>লূতের জাতিও রাসূলদের অস্বীকার করেছে।<br>সূরা আশ শুআরা/ ২৬:১৬০ |
| ১২ | اِسْمَاعِيْلُ<br>ইসমাঈল (আ.)<br>Ismail (a) | وَاذْكُرْ فِى الْكِتٰبِ اِسْمٰعِيْلَ ○<br>এই কিতাবে তুমি ইসমাঈলকে স্মরণ করো।<br>সূরা মারইয়াম/ ১৯:৫৪ |

| সংখ্যা | শব্দ ও অর্থ | উদাহরণমূলক আয়াত |
|---|---|---|
| ১৭ | إِسْحَاقُ<br>ইসহাক (আ.)<br>Ishak (a) | وَ وَهَبْنَا لَهٗٓ إِسْحٰقَ ۝<br>এবং আমরা তাকেইসহাককে দিয়েছি।<br>সূরা আল আম্বিয়া/ ২১:৭২ |
| ১৬ | يَعْقُوْبُ<br>ইয়াকুব (আ.)<br>Yakub (a) | وَ وَهَبْنَا لَهٗٓ إِسْحٰقَ وَ يَعْقُوْبَ ۝<br>আর আমি দান করেছি ইসহাক ওইয়াকুব ।<br>সূরা আল আনআম/ ০৬:৮৪ |
| ২৭ | يُوْسُفُ<br>ইউসুফ (আ.)<br>Yousuf (a) | لِيُوْسُفَ فِي الْاَرْضِ ۝<br>এভাবেই আমিইউসুফকে<br>পৃথিবীতে ক্ষমতা দিলাম।<br>সূরা ইউসুফ/ ১২:৫৬ |
| ১১ | شُعَيْبُ<br>শুআইব (আ.)<br>Shoaib (a) | قَالُوْا يٰشُعَيْبُ ۝<br>তারা বলল, হেশুআইব ।<br>সূরা হুদ/ ১১:৮৭ |
| ১৩৬ | مُوْسٰى<br>মুসা (আ.)<br>Musa (a) | وَ لَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ ۝<br>নিশ্চয় আমরামূসা কে কিতাব দিয়েছিলাম।<br>সূরা আল ফুরকান/ ২৫:৩৫ |
| ২৫ | عِيْسٰى<br>ঈসা (আ.)<br>Essa (a) | وَقَفَّيْنَا بِعِيْسَى ابْنِ مَرْيَمَ ۝<br>এরপর আমরা মরিয়ম পুত্র<br>ঈসাকে পাঠিয়েছি।<br>সূরা আল হাদীদ/ ৫৭:২৭ |

| সংখ্যা | مَاضِيٌ<br>অতীত | مُضَارِعٌ<br>অনতীত | أَمْرٌ<br>আদেশ | فَاعِلٌ<br>কর্তা | مَصْدَرٌ<br>ক্রিয়ামূল |
|---|---|---|---|---|---|
| ১০৫ | فَعَلَ<br>সে করেছে | يَفْعَلُ<br>সে করবে | اِفْعَلْ<br>তুমি করো | فَاعِلٌ<br>যার দ্বারা কৃত | فِعْلٌ<br>করা<br>perform |
| ২৯ | فَتَحَ<br>সে খুলেছে | يَفْتَحُ<br>সে খুলবে | اِفْتَحْ<br>তুমি খুলো | فَاتِحٌ<br>যিনি খুলেছেন | فَتْحٌ<br>খোলা<br>open |
| ৩৪৬ | جَعَلَ<br>সে স্থাপন করেছে | يَجْعَلُ<br>সে স্থাপন করবে | اِجْعَلْ<br>স্থাপন করো | جَاعِلٌ<br>স্থাপনকারী | جَعْلٌ<br>স্থাপন করা<br>establish |
| ৯২ | نَصَرَ<br>সে সাহায্য করেছে | يَنْصُرُ<br>সে সাহায্য করবে | اُنْصُرْ<br>সাহায্য করো | نَاصِرٌ<br>সাহায্যকারী | نَصْرٌ<br>সাহায্য করা<br>help |
| ২৪৮ | خَلَقَ<br>সে সৃষ্টি করেছে | يَخْلُقُ<br>সে সৃষ্টি করবে | اُخْلُقْ<br>সৃষ্টি করো | خَالِقٌ<br>সৃষ্টিকর্তা | خَلْقٌ<br>সৃষ্টি করা<br>create |

| সংখ্যা | مَاضِى<br>অতীত | مُضَارِع<br>অনতীত | أَمْر<br>আদেশ | فَاعِل<br>কর্তা | مَصْدَر<br>ক্রিয়ামূল |
|---|---|---|---|---|---|
| ৪৬১ | كَفَرَ<br>সে অস্বীকার করেছে | يَكْفُرُ<br>সে অস্বীকার করবে | اُكْفُرْ<br>অস্বীকার করো | كَافِرٌ<br>অস্বীকারকারী | كُفْرٌ<br>অস্বীকার করা<br>disagree |
| ১৬৩ | ذَكَرَ<br>সে স্মরণ করেছে | يَذْكُرُ<br>সে স্মরণ করবে | اُذْكُرْ<br>স্মরণ করো | ذَاكِرٌ<br>স্মরণকারী | ذِكْرٌ<br>স্মরণ করা<br>remember |
| ১২২ | رَزَقَ<br>সে রিযিক দিয়েছে | يَرْزُقُ<br>সে রিযিক দিবে | اُرْزُقْ<br>রিযিক দাও | رَازِقٌ<br>রিযিকদাতা | رِزْقٌ<br>রিযিক দেয়া<br>providing |
| ৭৮ | دَخَلَ<br>সে প্রবেশ করেছে | يَدْخُلُ<br>সে প্রবেশ করবে | اُدْخُلْ<br>প্রবেশ করো | دَاخِلٌ<br>প্রবেশকারী | دُخُوْلٌ<br>প্রবেশ করা<br>enter |

| সংখ্যা | مَاضِي<br>অতীত | مُضَارِع<br>অনতীত | أَمْر<br>আদেশ | فَاعِل<br>কর্তা | مَصْدَر<br>ক্রিয়ামূল |
|---|---|---|---|---|---|
| ১৪৩ | عَبَدَ<br>সে ইবাদত করেছে | يَعْبُدُ<br>সে ইবাদত করবে | أُعْبُدْ<br>ইবাদত করো | عَابِدٌ<br>ইবাদতকারী | عَبْدٌ<br>ইবাদত করা<br>worship |
| ৫৮ | ضَرَبَ<br>সে আঘাত করেছে | يَضْرِبُ<br>সে আঘাত করবে | إِضْرِبْ<br>আঘাত করো | ضَارِبٌ<br>আঘাতকারী | ضَرْبٌ<br>আঘাত করা<br>bite |
| ৯৫ | غَفَرَ<br>সে ক্ষমা করেছে | يَغْفِرُ<br>সে ক্ষমা করবে | إِغْفِرْ<br>ক্ষমা করো | غَافِرٌ<br>ক্ষমাশীল | مَغْفِرَةٌ<br>ক্ষমা করা<br>forgive |
| ৫৩ | صَبَرَ<br>সে সবর করেছে | يَصْبِرُ<br>সে সবর করবে | إِصْبِرْ<br>সবর করো | صَابِرٌ<br>সবরকারী | صَبْرٌ<br>সবর করা<br>endure |
| ২৬৬ | ظَلَمَ<br>সে জুলুম করেছে | يَظْلِمُ<br>সে জুলুম করবে | إِظْلِمْ<br>জুলুম করো | ظَالِمٌ<br>জালিম | ظُلْمٌ<br>জুলুম করা<br>torture |

| সংখ্যা | مَاضِيْ<br>অতীত | مُضَارِعٌ<br>অনতীত | اَمْرٌ<br>আদেশ | فَاعِلٌ<br>কর্তা | مَصْدَرٌ<br>ক্রিয়ামূল |
|---|---|---|---|---|---|
| ১০০ | سَمِعَ<br>সে শুনেছে | يَسْمَعُ<br>সে শুনবে | اِسْمَعْ<br>তুমি শুনো | سَامِعٌ<br>শ্রবণকারী | سَمْعٌ<br>শ্রবণ করা<br>listen |
| ১৪৮ | رَحِمَ<br>সে দয়া করেছে | يَرْحَمُ<br>সে দয়া করবে | اِرْحَمْ<br>দয়া করো | رَاحِمٌ<br>দয়ালু | رَحْمَةٌ<br>দয়া করা<br>sympethise |
| ৫১৮ | عَلِمَ<br>সে জেনেছে | يَعْلَمُ<br>সে জানবে | اِعْلَمْ<br>তুমি জানো | عَالِمٌ<br>জ্ঞানী | عِلْمٌ<br>জানা<br>know |
| ৩১৮ | عَمِلَ<br>সে আমল করেছে | يَعْمَلُ<br>সে আমল করবে | اِعْمَلْ<br>আমল করো | عَامِلٌ<br>আমলকারী | عَمَلٌ<br>আমল করা<br>work |
| ১৭১৯ | قَالَ<br>সে বলেছে | يَقُوْلُ<br>সে বলবে | قُلْ<br>তুমি বলো | قَائِلٌ<br>বক্তা | قَوْلٌ<br>বলা<br>speak |

| সংখ্যা | مَاضِى<br>অতীত | مُضَارِع<br>অনতীত | اَمْر<br>আদেশ | فَاعِل<br>কর্তা | مَصْدَر<br>ক্রিয়ামূল |
|---|---|---|---|---|---|
| ৫৫ | قَامَ<br>সে দাঁড়িয়েছে | يَقُوْمُ<br>সে দাঁড়াবে | قُمْ<br>দাঁড়াও | قَائِمٌ<br>দাঁড়ানো ব্যক্তি | قِيَامٌ<br>দাঁড়ানো stand |
| ১৩৬১ | كَانَ<br>সে ছিল | يَكُوْنُ<br>সে আছে | كُنْ<br>তুমি থাকো | كَائِنٌ<br>যিনি আছেন | كَوْنٌ<br>থাকা become |
| ১৯৭ | دَاعَ<br>সে ডেকেছে | يَدْعُوْ<br>সে ডাকবে | اُدْعُ<br>তুমি ডাকো | دَاعٍ<br>আহ্বানকারী | دُعَاءٌ<br>ডাকা call |
| ২৭৭ | شَاءَ<br>সে ইচ্ছা করেছে | يَشَاءُ<br>সে ইচ্ছা করবে | شَاءْ<br>তুমি ইচ্ছা করো | شَاءٍ<br>ইচ্ছুক | مَشِيْئَةٌ<br>ইচ্ছা করা wish |
| ২৩৬ | جَاءَ<br>সে এসেছে | يَجِيْءُ<br>সে আসবে | جِئْ<br>তুমি এসো | جَاءٍ<br>আগমনকারী | مَجِيْءٌ<br>আসা come |

সহজ পদ্ধতিতে আল কুরআনের অর্থ শেখার অপূর্ব কৌশল

# কুরআনের ভাষা শিক্ষা কোর্স

(কুরআন ও নামায অনুধাবন)

## EQSF-এর কোর্সের বৈশিষ্ট্যসমূহ

- আল কুরআনে প্রায় ৭৭ হাজার ৮ শত শব্দ রয়েছে। এর মধ্যে ১ শত ২৫টি শব্দ এসেছে ৪০ হাজার বার। যা কুরআনের মোট শব্দের প্রায় ৫০ ভাগ। এই ১ শত ২৫টি শব্দসহ আরো শব্দ ও আয়াতের প্রাথমিক অর্থ সহজ উপায়ে শেখা যাবে।
- প্রচলিত পদ্ধতির (মুখস্থ ভিত্তিক- যাতে পরিশ্রম ও সময় বেশী লাগে) বাইরে বুঝা ভিত্তিক (যাতে পরিশ্রম ও সময় কম লাগে, ফলাফল ভাল হয়) পদ্ধতিতে ক্লাস নেয়া হয়। জানা শব্দ দিয়ে অজানা শব্দ শেখানো হয়।
- বাংলা ভাষায় ব্যবহৃত কুরআনের শব্দ ও পরিভাষাসমূহ জানার সুযোগ।
- কার্যকর সালাত আদায়ের জন্য আল কুরআনের কিছু সূরার অর্থ আয়ত্ব করা।
- 'পাওয়ার পয়েন্ট প্রেজেনটেশন'এর মাধ্যমে ক্লাসের ব্যবস্থা।
- কোর্সটি পুরুষ-মহিলা সকলের জন্য।

এই কোর্সের মাধ্যমে কুরআন নাযিলের মূল উদ্দেশ্য এর মর্মার্থ বুঝে কুরআন থেকে দুনিয়া ও আখেরাতের সাফল্যের চাবিকাঠি 'হেদায়াত' অর্জন সম্ভব হবে ইনশাআল্লাহ। আল্লাহ আমাদের কবুল করুন। আমীন। ছুম্মা আমীন।

এসো কুরআন শিখি ফাউন্ডেশন EQSF

আজান সেন্টার, ৫৫, পুরানা পল্টন (১১ তলা), ঢাকা, ১০০০

ফোন : ০২-৯৫৮৫২৭৮, মোবাইল : ০১৫৫৬৩৬২৬১৮

e-mail : eqsfbd@gmail.com